চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের নতুন কমিটি করার লক্ষ্যে কেন্দ্রীয় ছাত্রলীগের প্রেস বিজ্ঞপ্তি

চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের উদ্দেশ্য কেন্দ্রীয় ছাত্রলীগের প্রেস বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। গতকাল রবিবার রাত নয়টার সময় বাংলাদেশ ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসেন ও সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনান সাক্ষরিত বাংলাদেশ ছাত্রলীগের প্যাডে এই প্রেস বিজ্ঞপ্তি প্রকাশ করে কেন্দ্রীয় ছাত্রলীগের নেতৃবৃন্দ।



প্রেস বিজ্ঞপ্তিতে চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের পূর্ণাঙ্গ কমিটি করার উদ্দেশ্য এই প্রেস বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।

প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয় স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষে ছাত্রসমাজ ও তরুণ প্রজন্মকে ঐক্যবদ্ধ করতে বাংলাদেশ ছাত্রলীগ চুয়াডাঙ্গা জেলা শাখার সাংগঠনিক গতিশীলতা বৃদ্ধি করার লক্ষ্যে নতুন কমিটি গঠন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে বাংলাদেশ ছাত্রলীগ। উক্ত কমিটিতে পদ প্রত্যাশী ছাত্রলীগের নেতৃবৃন্দকে আগামী সাত দিনের ভিতরে কেন্দ্রীয় ছাত্রলীগের কার্যালয় জীবন বৃত্তান্ত প্রদান করার জন্য নির্দেশ প্রদান করা হয়।

# [redacted]

[redacted]

আলমডাঙ্গা পৌরসভায় বৈদ্যুতিক খুঁটি রেখেই ড্রেন নির্মাণ, ক্ষোভ এলাকাবাসীর

আলমডাঙ্গা পৌর শহরে সড়কের নালা (ড্রেন) নির্মাণকাজে বাধা হয়ে দাঁড়িয়েছে বিদ্যুতের খুঁটি। খুঁটি অপসারণ না করেই নালা নির্মাণের কাজ শুরু হয়েছে।

এভাবে নালা নির্মাণ করা হলে পানিপ্রবাহ বাধাগ্রস্ত হওয়ার আশঙ্কা রয়েছে। যদিও বিদ্যুতের খুঁটি দ্রুত অপসারণের জন্য পৌর কর্তৃপক্ষ ওয়েস্ট জোন পাওয়ার কোম্পানিকে (ওজোপাডিকো) বারবার অনুরোধ করেছে। বিদ্যুতের খুঁটি অপসারণ না করায় স্লাব দেয়াও সম্ভব হচ্ছে না বলে জানান ঠিকাদারি প্রতিষ্ঠান।

বিদ্যুৎ বিভাগ জানায়, পোল উত্তোলনে কোন চিঠি কিংবা যোগাযোগ করেনি ঠিকাদারি প্রতিষ্ঠান। ইতোমধ্যে গত ৫ জুলাই বৈদ্যুতিক খুঁটির গোড়াই স্লাব না থাকায় ড্রেনের পানিতে ডুবে ৩ বছরের শিশুর মৃত্যু হয়েছে। কিন্তু শিশু মৃত্যুর গত ৩দিন অতিক্রম হলেও এখন পর্যন্ত খুঁটি অপসারণ ও স্লাব দেবার কোনো উদ্যোগ নেয়নি সংশ্লিষ্ট কতৃপক্ষ । এ নিয়ে এলাকাবাসীর মধ্যে ক্ষোভ ও হতাশার সৃষ্টি হয়েছে।

স্থানীয়রা জানান, পৌর এলাকার কলেজপাড়া সড়কটি দীর্ঘদিন সংস্কারের অভাবে দুর্ভোগে পরিণত হয়েছে। একই সঙ্গে চলতি বর্ষায় পানি নিষ্কাশনের জন্য উন্নত কোনো ব্যবস্থা নেই। যে কারণে আলমডাঙ্গা সরকারি কলেজে আগত শিক্ষক, শিক্ষার্থীসহ ওই এলাকার মানুষকে দুর্ভোগে পড়তে হচ্ছে। বড় বড় খানাখন্দ, উঁচু-নিচু গর্ত আর সামান্য বৃষ্টিতে জলাবদ্ধতার সৃষ্টি হয়। এরশাদপুর চাতাল মোড় থেকে শহরের প্রধান সড়ক পর্যন্ত বিস্তৃত। এ সড়কের পাশে রয়েছে কয়েকটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানসহ বিভিন্ন ব্যবসায়ী প্রতিষ্ঠান ও ওজোপাডিকো ভবন।

পৌরসভা সূত্রে জানা যায়, জলাবদ্ধতা নিরসনে পয়োনিষ্কাশন ব্যবস্থার উন্নতিকল্পে জনস্বাস্থ্য অধিদফতরের উদ্যোগে কলেজপাড়া ও এরশাদপুর সড়কে আরসিসি পয়োনালা নির্মাণ প্রকল্প খাতে ৯ কোটি টাকা ব্যয়ের ৫ কিলোমিটার ড্রেন নির্মাণের কাজ চলমান। ইতিমধ্যে ৩

কিলোমিটার কাজ শেষ হয়েছে। তারা আশাবাদী, দ্রুত সময়ের মধ্যে বাকি কাজ সম্পন্ন হবে। ইতিমধ্যেই কলেজপাড়া সড়কের টেন্ডার ও ওয়ার্ক অর্ডার দেওয়া হয়েছে।

কাজের ঠিকাদার মো. মোজাহিদুর রহমান লোটাস জোয়াদ্দার বলেন, এই বিদ্যুৎ পোল অপসারণের জন্য কাজ শুরুর সঙ্গে সঙ্গে বিদ্যুৎ বিভাগকে চিঠি দেওয়া হয়। তারা কিছু পোল অপসারণ করে অন্যত্রস্থানে স্থাপন করেছে। কিন্তু কলেজপাড়া ও এরশাদপুর গ্রামে ড্রেনে পোল অপসারণে তেমন গুরুত্ব না দেওয়ায় নালা (ড্রেন) নির্মাণকাজ বাধাগ্রস্ত হচ্ছে। কাজের ধারাবাহিকতা নষ্ট হচ্ছে এই বিদ্যুৎ পোলের জন্য। এখন ঠিকাদার মাঠপর্যায়ে এসে পোল অপসারণ করলেই ড্রেনের কাজ আবারও পুরোদমে শুরু করা হবে। দীর্ঘ নালার বাকি কাজ বিদ্যুতের খুঁটি অপসারণের মাধ্যমে শিগগিরই ড্রেনের উপরে স্লাব নির্মাণ কাজ সম্পন্ন করা হবে বলে তিনি জানান।

ড্রেন থেকে বিদ্যুতের খুঁটি সরানোর বিষয়ে ওজোপাডিকোর নির্বাহী প্রকৌশলী মো. শাহিনুর রহমান বলেন, পোল সরানোর বিষয়ে আমরা কোন চিঠি পায়নি। কিন্তু শুধু চিঠি পেলে তো হবে না। পোল সরানোর খরচের বিষয়টিও নিশ্চিত করতে হবে।

আলমডাঙ্গার আইলহাঁসে পুকুরে ভেসে উঠলো কিশোরের রক্তাক্ত লাশ; আটক ২

আলমডাঙ্গা উপজেলার আইলহাঁস গ্রামের পুকুরে গোসল করতে নেমে জীবন কুমার বদি (১৩) নামে এক কিশোরের মাথায় আঘাত করে হত্যা করেছে দুর্বৃত্তরা। শিশুটির মাথা ফেটে রক্তাক্ত জখম হয়েছে।

গতকাল শনিবার সকাল সাড়ে ১১ টায় এই হত্যাকাণ্ড ঘটেছে বলে স্থানীয়রা জানান। জীবন কুমার বদি চৌগাছা উপজেলার পুড়পাড়া গ্রামের শ্রী বিকাশ কুমারের ছেলে। সে পুরোপাড়া প্রাথমিক বিদ্যালয়ের ৪র্থ শ্রেণীর ছাত্র। কিশোর জীবন হত্যার ঘটনায়

জিজ্ঞাসাবাদের জন্য দুই কিশোরকে আটক করেছে পুলিশ।

আটকৃত দুই কিশোর রায়লক্ষীপুর গ্রামের বশির উদ্দীনের ছেলে শাকিল
(১৫) ও সমির হোসেনের ছেলে সিয়াম (১৪)।

পরিবার ও পুলিশ সূত্রে জানাযায়, ঈদের ছুটিতে জীবন কুমার বদি উপজেলা আইলহাঁস ইউনিয়নের রায়লক্ষীপুর গ্রামের মাসি সুচরিতার বাড়িতে বেড়াতে আসে। শনিবার সকালে মুশলধারায় বৃষ্টি হওয়ায় মাসির ছেলে সৌরভের সাথে ফুটবল খেলতে যায় শিশু জীবন। খেলা শেষে এলাকার ছেলেদের সাথে আইলহাঁস-রায়লক্ষীপুর মাধ্যমিক বিদ্যালয়ের পুকুরে গোসল করতে নামে তারা। জীবনের ভাসমান লাশের খবর পেয়ে মাসি সুচরিতা সহ পরিবারের লোকজন ছুটে গিয়ে তাকে উদ্ধার করে। পুকুর থেকে তুলে তার মাথায় রক্তাক্ত জখম দেখে।

স্থানীয়রা জানান, গতকাল শনিবার সকালে বৃষ্টির পানিতে আইলহাঁস গ্রামের কয়েকজন ছেলে ওই গ্রামের মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে ফুটবল খেলছিলো। খেলা শেষে পাশের পুকুরের গোসল করতে যায়। হঠাৎ দুর থেকে দুর্বৃত্তরা ইট ছুড়লে কিশোর জীবনের মাথায় লাগলে সে পানিতে রক্তক্ষরণ হয়ে মারা যায়। গোসল করে অন্যান্য ছেলেরা উপরে উঠলে জীবনের মৃত ভাসমান লাশ দেখতে পায় তারা।

প্রত্যক্ষদর্শী নিহত জীবনের মাসির ছেলে সৌরভ জানায়, আইলহাঁস-রায়লক্ষীপুর মাধ্যমিক বিদ্যালয়ের মধ্য থেকে ইট জাতিয় বস্তু তার মাথার উপরে পড়ে। পড়তেই সে পানিতে ডুবে যায়। আমরা পানি থেকে উপরে উঠতেই জীবনের ভাসমান লাশ দেখি।

আলমডাঙ্গা থানা পুলিশের পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ বলেন, কয়েকজন বাচ্চারা পুকুরের পানিতে গোসল করছিল। এসময় জীবন কুমার নামে শিশুটি অনেকক্ষন পানি থেকে না উঠলে খোজাখুজি করা হয়। এরপর শিশুটির মরদেহ ভাসতে দেখে স্থানীয়রা। শিশুটির মাথায় আঘাতের চিহ্ন আছে। পুকুরের পানির মধ্যে কিছু আছে নাকি কারোর কোন আঘাতের মৃত্যু হয়েছে এটা নিশ্চিত বলা যাচ্ছেনা। ময়নাতদন্তের রিপোর্ট আসলেই বলা যাবে। এঘটনায় কয়েকজন শিশুকে থানায় নিয়ে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

দর্শনা পৌরসভার উদ্যোগে ২ দিন ব্যাপি কোভিড ১৯ টিকার কার্যক্রম শুরু

দর্শনা পৌরসভার উদ্যোগে দু’দিনের বিশেষ উদ্যোগে কোভিট ১৯ টিকা দেওয়া শুরু হয়েছে।

আজ শরিবার বেলা ১২ টার দিকে দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবুর সভাপতিত্বে, টিকার কার্যক্রম উদ্বোধন করেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু। এ সময় তিনি বলেন যারা টিকা নিতে পারে নাই তাদের জন্য এ সুবিধা দেওয়া হয়েছে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আল আমিন, দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ। এ সময় দর্শনা পৌর মেয়র বলেন যাদের ৩য় ৪র্থ ডোজ দেয়া হয়নাই তাদেরকে এ টিকা নেবার সুযোগ থাকছে। আজ শনিবার ও আগামীকাল রবিবার এ দুদিনে দর্শনা পৌরসভায় এসে এ টিকার ডোজ দেয়া সম্পন্ন করা হবে।

দর্শনায় উদ্যোক্তার সৃষ্টির লক্ষে স্কুল কলেজের শিক্ষার্থীদের সাথে কর্মশালা অনুষ্টিত

দর্শনায় এসো উদ্যোক্তা গড়ি স্লোগানে দামুড়হুদা, জীবনগর, ও দর্শনা স্কুল-কলেজের শিক্ষার্থীদের নিয়ে এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ৬ জনকে দেওয়া হয়েছে গুনি সংবর্ধনা। এ গুনি সংবর্ধনার ক্রেষ্ট তুলে দেন উদ্যোক্তারা।

এ সময় উদ্যোক্তার উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবুর হাতে গুনি সংবর্ধনার ক্রেষ্ট তুলে দেন জেসিআই ঢাকা অ্যাস্ট্রালের সভাপতি খন্দকার নাইমুল হাসান। দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সভাপতি শহিদুল ইসলাম, পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, গোলাম ফারুক আরিফ, দৈনিক মাথাভাঙ্গা পত্রিকার সম্পাদক ও প্রকাশক সরদার আলামীনের হাতে গুনী সংবর্ধনার ক্রেষ্ট তুলে দেন উদ্যোক্তারা।

এ উদ্যোক্তার সৃষ্টির লক্ষে চুয়াডাঙ্গার দর্শনায় এসো উদ্যোক্তা গড়ি স্লোগানে দামুড়হুদা, জীবনগর, ও দর্শনা স্কুল-কলেজের শিক্ষার্থীদের নিয়ে এক জাকজমকপূর্ণ সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বেলা ১১ টার সময় জেসিআই ঢাকা অ্যাস্ট্রালের উদ্যোগে প্রায় ৫শ স্কুল কলেজের ছাত্র-ছাত্রী ও স্কুল কলেজের শিক্ষকদের নিয়ে দর্শনা কাম কমিউনিটি অডিটরিয়াম হলরুমে এই কর্মশালা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে জেসিআই ঢাকা অ্যাস্ট্রালের সভাপতি খন্দকার নাইমুল হাসানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোঃশহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আলী মুনসুর বাবু, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আলামিন, দর্শনা পৌর আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোঃ রুস্তম আলী, নাগরীক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, জিসিআই ঢাকা অ্যাস্ট্রালের সভাপতি ও খন্দকার গ্রুপ অফ কোম্পানিজের পরিচালক খন্দকার নাইমুল হাসান, জিসিআই ঢাকা অ্যাস্ট্রালের সহ-সভাপতি আব্দুল্লাহ আল রাশিদ তুর্য, গ্লোব ফার্মাসিউটিক্যালস এন্ড গ্রুপ অফ কোম্পানীর নির্বাহী সহ-সভাপতি জিসিআই ঢাকা অ্যাস্ট্রালের পরিচালক ইশতিয়াক আহমেদ মল্লিক, মাগুরা গ্রুপের গ্রুপ পরিচালক মাগুরা এগ্রিকালচারের চেয়ারম্যান মোস্তফা আক্তার মহিউদ্দিন, জিসিআই ঢাকা অ্যাস্ট্রালের সদস্য মোস্তফা জাফির মহিউদ্দিন, মাগুরা এগ্রিকালচার পার্কের পরিচালক খোশরোজ কিতাব মহল, ট্রেনিং কমিশনার জিসিআই ঢাকা অ্যাস্ট্রাল ও মাল্টিন্যাশনাল কর্পোরেশনের সহ-সভাপতি সামিদ রাজ্জাক,সঞ্চালনায় ছিলেন জিসিআই ঢাকা অ্যাস্ট্রালের পরিচালক মুনতাসির আজগার আকাশ।

# [redacted]

[redacted]

[redacted]

খেলায় রেফারি দায়িত্ব পালন করেন সৈয়দ মাসুদুর রহমান, সুবাস চন্দ্র, ইউসুফ আলী ও শহিদ আজম সদু। খেলায় ধারাভাষ্যকার ছিলেন শামীম খাঁন ও মোস্তাফিজুর রহমান।

চুয়াডাঙ্গায় দিনব্যাপী বৃক্ষরোপণ বিতরণ কর্মসূচি পালিত

চুয়াডাঙ্গা জেলার দ্বীনি ও সেবামূলক সংগঠন সম্মিলিত উলামা কল্যাণ পরিষদের উদ্যোগে দিনব্যাপী বৃক্ষরোপণ ও বিতরণ কর্মসূচি পালিত হয়েছে।

গতকাল শুক্রবার সকাল ৭টা থেকে দিনব্যাপী এ কর্মসূচী পালন করে সংগঠনটি। বিষয়টি গণমাধ্যমকে নিশ্চিত করেছেন পরিষদের মিডিয়া বিষয়ক সম্পাদক মাওলানা সাইফুল ইসলাম।

জানা গেছে, বৃক্ষরোপণ ও বিতরণ কর্মসূচির অংশ হিসেবে সংগঠনের পক্ষ থেকে চুয়াডাঙ্গার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান ও আবাসিক এলাকায় ফলদ ও বনজ গাছের চারা রোপণ ও বিতরণ করা হয়েছে। বৃক্ষরোপণ ও বিতরণ কর্মসূচির পূর্ব এক জমায়েতে সংগঠনটির সভাপতি মাওলানা হাসানুজ্জামান বলেন, তীব্র দাবদাহের কারণে চুয়াডাঙ্গা জেলাবাসী অতিষ্ঠ। বর্তমানে বর্ষার কারণে কিছুটা স্বস্তি মিললেও খড়ার সময় তা বিপরীত হয়ে যায়। যেহেতু গাছ রোপণের উপযুক্ত সময় বর্ষাকাল; সেহেতু আমরা এই সময়টা জেলাবাসীর কল্যানে ব্যয় করবো। আমরা আশা করছি, এই বৃক্ষ একদিন আমাদেরকে তীব্র তাপমাত্রা থেকে রক্ষা করার উসিলা হবে, ইনশাআল্লাহ। এসময় চুয়াডাঙ্গা জেলাবাসীকে বেশী বেশী বৃক্ষরোপণ করে পরিবেশ রক্ষা করার আহবান জানান মাওলানা হাসানুজ্জামান।
বিশ্ব উষ্ণতা মানুষের জন্য ব্যাপক অশান্তির কারণ হয়ে দাঁড়িয়েছে জানিয়ে সম্মিলিত উলামা কল্যাণ পরিষদের সাংগঠনিক সম্পাদক হাফেজ মাওলানা সারওয়ার হুসাইন বলেন, গাছপালা আল্লাহ তায়ালার এক বিশেষ নেয়ামত। আল্লাহ তায়ালা এর মাধ্যমে পরিবেশের ভারসাম্য রক্ষা করেন।

সুতরাং আমরা বেশি বেশি বৃক্ষরোপণ করবো; এর দ্বারা আবহাওয়া ঠান্ডা থাকবে।
বৃক্ষরোপণ ও বিতরণ কর্মসূচিতে আরও অংশগ্রহণ করেছেন হাফেজ মাওলানা জাকির হোসেন, মাওলানা আব্দুল্লাহ, মাওলানা জুনাইদ আল হাবিব, মাওলানা ফয়জুল্লাহ আল মুনির ও মাওলানা জামালুদ্দিন প্রমুখ।

সুইডেনে পবিত্র কুরআন শরীফ অবমাননার বিরুদ্ধে দর্শনায় বিক্ষোভ

সুইডেনে পবিত্র কুরআন শরীফ পোড়ানোর ঘটনায় দর্শনা বাসস্ট্যান্ডে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বাদ জুম্মা দর্শনা বাসস্ট্যান্ডে বক চত্বরে বাংলাদেশ জামাতে ইসলামী কেন্দ্র ঘোষিত চুয়াডাঙ্গা জেলায় দর্শনা সাংগঠনিক থানা শাখার উদ্যোগে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

দর্শনা পৌর শাখার আমির গুলজার হোসেনের সভাপতিত্বে প্রতিবাদ সভায় প্রধান বক্তা হিসাবে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা শাখার সহকারি সেক্রেটারি সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান আব্দুল কাদের। এসময় তিনি বলেন, মুসলমানদের পবিত্র ঈদুল আযহার দিনে সুইডেনে মসজিদ প্রাঙ্গণে মসুলমানদের একমাত্র আসমানী গ্রন্থ পবিত্র কোরআন শরীফ পড়ানো কে কেন্দ্র করে সারা বিশ্বের মুসলমানদের ধর্মীয় অনুভূতিতে যে আঘাত হেনেছে তা অকল্পনীয়। সমগ্র মুসলিম জাতি আজ খেপেফুঁসে উঠেছে। কারন মুসলমান হিসাবে কোরআন আমাদের সম্মান, আমাদের অহংকার ও আমাদের সংবিধান। যতদিন বেঁচে থাকবো ততদিন এই কোরআন রক্ষা করার জন্য যা যা প্রয়োজন তাই করবো। এ সময় উপস্থিত বক্তারা সুইডেন সরকারের প্রতি ও অভিযুক্ত ব্যক্তির ধিক্কার দিয়ে তীব্র নিন্দা ও প্রতিবাদ জানায়। এসময়

আরো উপস্থিত ছিলেন দর্শনা সাংগঠনিক থানা শাখার সেক্রেটারি মাহবুবুর রহমান টুকু দর্শনা পৌর শাখার আমির গুলজার হোসেন, দর্শনা বাসস্ট্যান্ড মসজিদের পেশ ইমাম ওসমান গনি, দক্ষিণ চাঁদপুর জামে মসজিদের পেশ ইমাম হাবিবুর রহমান, হল্ট স্টেশনের ইমাম মুকুল হোসেন, আজিজুল ইসলাম,আব্দুর রহমান,তানজিল আহমেদসহ পৌর এলাকার বিভিন্ন মসজিদের ইমাম মুরসুল্লি বৃন্দ।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদে ১৪৯৫ তম পদধ্বনি পর্ব অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের কার্যালয় কুঞ্জ আফিয়েতে আজ শুক্রবার সন্ধ্যা সাড়ে সাতটার সময় সাপ্তাহিক পদধ্বনি অনুষ্ঠিত হয়েছে।

১৪৯৫ তম এই আসরে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলাল। স্বরচিত লেখা পাঠ করেন খন্দকার রোকনুজ্জামান, গোলাম কবীর মুকুল, আবু নাসিফ খলিল, সুমন মালিক, হুমায়ুন কবীর, এম এ মামুন, হারুন অর রশিদ, তপন তুমার পাল, শিরোনাম মেহেদী, ডা. তোফাজ্জল হোসেন, সুমন ইকবাল, চিত্তরঞ্জন সাহা চিতু, আসাদুজ্জামান আসাদ, কাজল মাহমুদ, লিয়ন খন্দকার প্রমুখ। স্বরচিত লেখার উপর বিশদভাবে আলোচনা করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহয়োগী অধ্যাপক মুন্সি আবু সাইফ। ইংরেজি সাহিত্যের উপর আলোচনা করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান সহয়োগী অধ্যাপক খোন্দকার রোকনুজ্জামান।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সহ সাধারণ সম্পাদক সুমন ইকবাল। চিয়ারত সাহিত্য থেকে কবিতা পাঠ করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক নজির আহমেদ, সহ সভাপতি এ্যাড. বজলুর রহমান এবং খন্দকার রাবিয়া খাতুন রাবু । অনুষ্ঠান শেষে উপস্থিত সকলকে অভিনন্দন জানিয়ে সভাপতি অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।